

১৮

এখনো ঘোব ভাঙে না তোর যে  
মেলে না তোর আঁখি,  
কাটার বনে ফল ফুটেচে রে  
জানিসনে তুই তা কি ।  
ওরে অলস জানিসনে তুই তা কি ?  
জাগো এবার জাগো,  
বেলা কাটাস্ না গো ॥

## গীতি-মাল্য

কঠিন পথের শেষে  
কোথায় অগম বিজন দেশে  
ও সেই বন্ধু আমার একলা আছে গো  
দিস্নে তা'রে ফাঁকি ।  
জাগো এবার জাগো  
বেলা কাটাস্ না গো ॥

প্রথর রবির তাপে  
না হয় শুষ্ক গগন কাঁপে,  
না হয় দন্ধ বালু তপ্ত আঁচলে  
দিব্ চারিদিক ঢাকি ।  
পিপাসাতে দিব্ চারিদিক ঢাকি

মনের মাকে চাতি  
দেখরে আনন্দ কি নাহি ?  
পথে পায়ে পায়ে দুখের বাঁশরা  
বাজবে তোরে ডাকি ।  
মধুর সুরে বাজবে তোরে ডাকি ।  
জাগো এবার জাগো  
বেলা কাটাস্ না গো ॥

শিল্পিতা

২৭এ চৈত্র, ১৩১৮